



## ভার্জিন কালারস ফেস্টিভ্যাল

ভার্জিন তারুণ্য, প্রত্যয় ও নতুনত্বের প্রতীক। শুরু থেকেই ভার্জিন ক্রেতাদের উপহার দিয়েছে চার ধরনের স্বাদ। স্বাদের এই ভিন্নতাকে আরও বিস্তৃত করার প্রয়াসে এবং ভোক্তাদের পরিবর্তিত চাহিদা মেটাতে গ্লোবাল বেভারেজ বাজারে নিয়ে আসছে আরও তিনটি আকর্ষণীয় স্বাদের ভার্জিন কোমল পানীয়। ভিন্ন রঙের ভিন্ন স্বাদের এই ড্রিংকসগুলো হলো ভার্জিন ইয়েলো (প্যাশন ফ্রুট ফ্লেভার), ভার্জিন পিংক (গ্রেপ ফ্রুট ফ্লেভার), ভার্জিন কুল ব্লু (টুটি ফ্রুট ফ্লেভার)। এই তিনটি স্বাদের কোমল পানীয় ৫০০ মি.লি বোতলের বাজার মূল্য হবে মাত্র ২০ টাকা। নতুন অতিথির আগমন ছাড়াও ক্রেতাদের জন্য অপেক্ষা করছে আরও চমক। বদলে যাচ্ছে বর্তমান চারটি ফ্লেভারের মোড়কের রঙ। নতুনের এই মেলায় আপনাদের স্বাগতম। 'তোমার জীবন, তুমি রাঙাও' (Its your life colour it)।

## পিইটির সংবাদ সম্মেলন

গত ১১ অক্টোবর ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে পিপলস্ এম্পাওয়ারমেন্ট ট্রাস্ট এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। এতে দারিদ্র্য বিমোচন কৌশলপত্র বা পিআরএসপি'র ওপর Stakeholder সংলাপের ফলাফল প্রকাশ করা হয়। সম্মেলনে পিইটি'র চেয়ারপারসন এমএম আকাশ তার লিখিত বক্তব্যে বলেন, 'পিআরএসপি হবে আগামী ২০১৫ সাল পর্যন্ত দেশের অর্থনীতি পরিচালনার মূল গাইড লাইন। তাই দাতাদের নির্দেশে, ভয়ে বা সাহায্য লাভের শর্তে পিআরএসপি প্রণয়ন করা উচিত হবে না। আমাদের জাতীয় পরিকল্পনার কাঠামোর মধ্যে দরিদ্র শ্রেণীগুলোর প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে পিআরএসপি প্রণয়ন করতে হবে।' এর আগে পিইটি ৫টি Stakeholder সংলাপের আয়োজন করে। এতে বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব, সাংসদ, কৃষক ও শ্রমিক নেতা, ছাত্র ও শিক্ষক নেতৃবৃন্দ, পরিবেশবিদ এবং সংখ্যালঘু সংগঠনের নেতৃবৃন্দসহ ২২১ জন অংশগ্রহণ করেন।

## গ্রামীণ ফ্যাশন বাজারের দ্বিতীয় শো-রুম

গত ১০ অক্টোবর নগরীর উত্তরায় গ্রামীণ ফ্যাশন বাজারের ২য় শো-রুম উদ্বোধন করা হয়। চলচ্চিত্র ও টিভির বিশিষ্ট অভিনেতা কুলকুল আহমেদ আনুষ্ঠানিকভাবে এই শো-রুমের উদ্বোধন করেন। উত্তরার ৯ নং সেক্টরে সততা ভবনের দ্বিতীয় তলায় এ শো-রুমের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গ্রামীণ ফ্যাশন বাজারের চেয়ারম্যান কে এম শহীদুল হক। বক্তব্য রাখেন অভিনেত্রী ও মডেল ঐন্দ্রিলা, গ্রামীণ ফ্যাশন বাজারের ব্যবস্থাপনা পরিচালক মোঃ মজিবুর রহমান, পরিচালক (বিক্রয়) এস এম আলমগীর।



## সংগঠন সংবাদ

## বিশ্ব বসতি দিবসে শাহ্‌সিমেন্ট

বিশ্ব বসতি দিবস উপলক্ষে দেশের অন্যতম বৃহৎ সিমেন্ট উৎপাদনকারী প্রতিষ্ঠান শাহ সিমেন্ট বাড়ি নির্মাতা, রাজমিস্ত্রি ও আর্থহী সচেতন জনগণের জন্য বাস্তবভিত্তিক সেবামূলক কার্যক্রম হাতে নিয়েছে। এই কার্যক্রম প্রাথমিকভাবে ঢাকা, কুমিল্লা ও সিলেটের মধ্যে সীমাবদ্ধ থাকবে। গত রোববার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে প্রতিষ্ঠানের কর্মকর্তারা এ তথ্য জানান। এই প্রতিষ্ঠানের মার্কেটিং ম্যানেজার সাইফুল ইসলাম হিলালী লিখিত বক্তব্য পাঠ করেন। এতে আরো উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক কেডি শাহানী, উপ-মহাব্যবস্থাপক (ফাইন্যান্স) ফেরদৌস উল কবির চৌধুরী, রিসার্চ এক্সিকিউটিভ তানভীর হাসান প্রমুখ। আগামী ৩০ অক্টোবর বিকাল ৩টায় আর্থহী সচেতন জনগণের জন্য জাতীয় প্রেসক্লাবে 'বসতি সবার জন্য' শীর্ষক এক সেমিনারের আয়োজন করা হয়েছে।

## ব্যক্তিগত বিজ্ঞাপন

Want to leave Bangladesh as early as possible due to some unavoidable circumstances. The last resort is to offer myself as a candidate for marriage, to some one, immigrant of any country.

Male, 26+, Muslim (Sonni), completed masters level of education, currently serving a private commercial bank as an officer in Dhaka.- Shaikat, Cell : 017001997, E-mail : help.me@soon.com  
\*\*\*\*  
মুক্তমনের ত্রিশোধর্ষ নিঃসঙ্গ,

ভাবি, বিশ্ববাদের সঙ্গে পত্রমিতালী ও বন্ধুত্বে আর্থহী। দার্জিলিং, তাজমহল ভ্রমণে সঙ্গিনী চাই। ফোন নম্বর ও বিস্তারিত ঠিকানা সহ লিখুন— টিটু, বক্স- ২৮৩, সাপ্তাহিক ২০০০, ৯৬/৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০  
\*\*\*\*

২৬ বছরের একটি অব্যবহৃত সবুজ হৃদয় বিক্রী হবে, এই রোমান্টিক হৃদয়টির বর্তমান মালিক বিশ্ববিদ্যালয় পাশ করে একটি সম্মানজনক পেশায় আছেন। সুইট মনের কিউটদের যোগাযোগের ঠিকানা- মোবাইল ০১৭-৭৮৪৮৪৫ ই-মেইল ban2002\_hotmail.com